

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(বিচার শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং- ০৮/২০২৩

জে,

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনালসমূহের বিজ্ঞ বিচারকবৃন্দ এবং বিজ্ঞ আইনজীবীবৃন্দের মামলা  
শুনানীকালে পরিধেয় পোষাক সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী চলমান তীব্র তাপপ্রবাহের কারণে দেশের বিভিন্ন আইনজীবী সমিতির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সাথে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় জ্যেষ্ঠ বিচারপতি মহোদয়গণের আলোচনাক্রমে এই সিদ্ধান্ত হয় যে, 'অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনালসমূহের বিজ্ঞ বিচারকবৃন্দ এবং বিজ্ঞ আইনজীবীবৃন্দ মামলা শুনানীকালে পরিধেয় পোষাক সংক্রান্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিগত ২৮/১০/২০২১ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং-৪০/২০২১, জে, এর কার্যকারিতা এতদ্বারা স্থগিত করে বিগত ৩০/০৩/২০২১ খ্রি.তারিখের বিজ্ঞপ্তি নং-০৭, জে, পুনর্বহাল করা হলো।'

২। এমতাবস্থায়, দেশের সকল অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনালসমূহের বিজ্ঞ বিচারকবৃন্দ এবং বিজ্ঞ আইনজীবীগণ ক্ষেত্রমত সাদা ফুলশার্ট বা সাদা শাড়ী/সালোয়ার কমিজ ও সাদা নেক ব্যান্ড/কালো টাই পরিধান করবেন। এক্ষেত্রে কালো কোট এবং গাউন পরিধান করার আবশ্যিকতা নেই।

৩। এ নির্দেশনা আগামী ১৪/০৫/২০২৩ খ্রি. তারিখ হতে পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ২২৩৩৮২৭৮৫

ইমেইল: [rgj@supremecourt.gov.bd](mailto:rgj@supremecourt.gov.bd)


স্মারক নং- ৪১৬৭

জে,

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ.....(সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ.....(সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত.....(সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলম্যান্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল.....(সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিদ্রোহকারী অপরাধ ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল.....(সকল)
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল...(সকল)
৯. বিচারক/সদস্য, স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন/ট্যাকসেস আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা।
১০. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....(সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি.....(সকল)
১২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
১৩. অফিস কপি।

  
(মোঃ মিজানুর রহমান)